



বাংলাদেশ কম্পিউটার সমিতি  
Bangladesh Computer Samity  
The ICT Industry Association of Bangladesh

তারিখ: ২৬ ডিসেম্বর ২০১৯

বিষয়: সমিতিতে বার্ষিক চাঁদা ও কল্যাণ তহবিল ফি বাবদ পাওনা পরিশোধ, প্রয়োজনীয় দলিলাদি/ডকুমেন্টস দাখিল এবং সমিতির ২০২০-২০২২ মেয়াদকালের কার্যনির্বাহী কমিটি ও শাখা কমিটির নির্বাচনে ভোটার হওয়া প্রসঙ্গে।

সম্মানিত সদস্য,

আসসালামু আলাইকুম। বাংলাদেশ কম্পিউটার সমিতির নির্বাচন বোর্ড কর্তৃক ঘোষিত তফসিল অনুযায়ী ২০২০-২০২২ মেয়াদকালের জন্য সমিতির কার্যনির্বাহী কমিটি ও শাখা কমিটিসমূহের নির্বাচন আগামী ১৪ মার্চ ২০২০ তারিখে অনুষ্ঠিত হবে। বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪ এর ধারা ১৩(৩) অনুসারে উক্ত নির্বাচন তারিখের ১২০ দিনের পূর্বে যারা সমিতির সদস্য হয়েছেন, এবং বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪ এর ধারা ৬(১) ও ১৩(৩) এবং সমিতির সংঘবিধির ধারা ৯(খ) ও ১২ অনুসারে আগামী ১৩ জানুয়ারি ২০২০ তারিখ সন্ধ্যা ৬টার মধ্যে যেসব সদস্য প্রতিষ্ঠান নিম্নলিখিত বিষয়গুলো নিষ্পন্ন ও প্রয়োজনীয় দলিলাদি/ডকুমেন্টস দাখিল করবেন, কেবলমাত্র তারাই সমিতির উপরোল্লিখিত নির্বাচনে ভোটার হতে পারবেন। সে মোতাবেক উক্ত নির্বাচনে ভোটার হওয়ার জন্য আপনাকে নিম্নোক্ত বিষয়গুলো নিষ্পন্ন করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে:

১. নগদ/পে অর্ডার/ডিম্যান্ড ড্রাফট- এর মাধ্যমে সমিতিতে ২০২০ সাল পর্যন্ত বাৎসরিক চাঁদা পরিশোধ করার জন্য অনুরোধ করছি।  
[সমিতিতে ২০২০ সাল পর্যন্ত কল্যাণ তহবিল ফি একই সাথে পরিশোধ করার জন্যও অনুরোধ করছি।]
২. নিম্নলিখিত দলিলাদি/ডকুমেন্টস যদি ইতিমধ্যে আপনি সমিতির কার্যালয়ে দাখিল না করে থাকেন, তবে সেসব দাখিল করার জন্য অনুরোধ জানানো হচ্ছে (election@bcs.org.bd ঠিকানায় ইমেইলের মাধ্যমেও আপনি এসব দলিলাদি/ডকুমেন্টস পাঠাতে পারেন।)। সমিতির ঠিকানায় কুরিয়ার বা ডাকযোগে দলিলপত্র পাঠানো যেতে পারে।
  - ২.১ ২০১৯-২০২০ সালের/ নবায়নকৃত ট্রেড লাইসেন্সের ফটোকপি।
  - ২.২ হালনাগাদ আয়কর সংক্রান্ত দলিলপত্র/ডকুমেন্টস (আয়কর প্রদান সনদপত্রের ফটোকপি/আয়কর প্রদান রশিদের ফটোকপি / আয়কর অ্যাসেসমেন্ট রিটার্ন দাখিলের প্রাপ্তি স্বীকার পত্রের ফটোকপি)।
  - ২.৩ সমিতিতে প্রতিনিধিত্বকারী বিদ্যমান প্রতিনিধি ইচ্ছা পোষণ করলে তার, অথবা পরিবর্তিত প্রতিনিধির সম্প্রতি তোলা এক কপি ছবি যার পেছনে প্রতিনিধির নিজের স্বাক্ষর অবশ্যই থাকতে হবে। ছবি ও স্বাক্ষর ভোটার তালিকায় ব্যবহৃত হবে এবং নির্ধারিত সময়ের পরে আর কোন পরিবর্তন করা যাবে না। উল্লেখ্য সমিতির সংঘবিধি অনুসারে কোন ধরনের প্রক্সি ভোট দানের সুযোগ নেই। ভোটারকে স্বশরীরে উপস্থিত থেকে ভোট দিতে হবে।
৩. লিমিটেড কোম্পানী অথবা অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে যদি কেহ সমিতির প্রতিনিধি পরিবর্তন করতে আগ্রহী হন, তবে আগামী ১৩ জানুয়ারি ২০২০ সন্ধ্যা ৬টার মধ্যে প্রতিনিধি পরিবর্তনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ নিম্নরূপে আবেদন করতে হবে:
  - ৩.১ লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে প্রতিনিধি পরিবর্তনের আবেদনপত্রের সাথে বোর্ড সভার রেজুলেশন, নতুন প্রতিনিধির এক কপি ছবি এবং প্রাক্তন প্রতিনিধি/কোম্পানীর চেয়ারম্যান কর্তৃক নতুন প্রতিনিধির স্বাক্ষর সত্যায়িত করে দাখিল করতে হবে।
  - ৩.২ অংশীদারী প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রতিনিধি পরিবর্তনের আবেদনপত্রের সাথে অংশীদারদের সম্মতিপত্র, নতুন প্রতিনিধির এক কপি ছবি এবং প্রাক্তন প্রতিনিধি/ম্যানেজিং পার্টনার কর্তৃক নতুন প্রতিনিধির স্বাক্ষর সত্যায়িত করে দাখিল করতে হবে।(বিসিএস সংঘবিধির ধারা ৮ অনুসারে, একক মালিক নিয়ে ব্যবসার ক্ষেত্রে মালিক নিজে, অংশীদারী ফার্মের ক্ষেত্রে একজন অংশীদার, কোম্পানী বা করপোরেশনের ক্ষেত্রে যথাযথভাবে ক্ষমতাপ্রাপ্ত একজন পরিচালক প্রতিনিধি হিসেবে গণ্য হবেন। এর বাইরের কেউ কোন সদস্য প্রতিষ্ঠানকে প্রতিনিধিত্ব করতে পারবেন না।)

সকল প্রয়োজনীয় দলিলাদি/ডকুমেন্টস এবং বাৎসরিক সদস্য ফি সমিতির কার্যালয়ে নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করতে হবে।

বাংলাদেশ কম্পিউটার সমিতির নির্বাচন বোর্ডের নির্দেশক্রমে এই পত্র প্রেরণ করা হলো।

ধন্যবাদান্তে,

তোজাম্মেল শিকদার কিরন  
সচিব  
নির্বাচন বোর্ড

বি.দ্র.: সমিতিতে ২০২০ সাল পর্যন্ত বাৎসরিক চাঁদার পরিমাণ এবং কল্যাণ তহবিল ফি এর পরিমাণ উল্লেখপূর্বক এই পত্র সম্মানিত প্রত্যেক সদস্যের দাপ্তরিক ঠিকানায় কুরিয়ার যোগে প্রেরণের ব্যবস্থা করা হয়েছে।

Member of :



BCS Branches

Barisal : barisal@bcs.org.bd  
Khulna : khulna@bcs.org.bd  
Sylhet : sylhet@bcs.org.bd

Comilla : comilla@bcs.org.bd  
Mymensingh: mymensingh@bcs.org.bd  
Chittagong : ctg@bcs.org.bd

Jessore : jessore@bcs.org.bd  
Rajshahi: rajshahi@bcs.org.bd

Bangladesh Computer Samity (BCS)

House-33/B, Road-04, Dhanmondi, Dhaka – 1205, Bangladesh  
Phone: 880-2-9671342, 9671350, Fax: 880-2-9671342, 9671350 Ext.108  
Email: samity@bcs.org.bd, URL: www.bcs.org.bd